



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
পাবনা সদর, পাবনা



স্মারক নং-১৩.০৪.৭৬৫৪.০০৭.৫৭.০০১.২৪-৯০

তারিখঃ ৩১/০১/২০২৪খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট ব্যবসায়ী/প্রতিষ্ঠান মালিকদের জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় পাবনা সদর উপজেলাধীন ১০টি ইউনিয়নে নির্ধারিত মাসসমূহে খাদ্যবান্ধব ডিলারের মাধ্যমে হতদরিদ্র ভোক্তাদের মাঝে সুলভ মূল্যে চাল বিক্রি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। কিন্তু বর্তমানে দোগাছী ইউনিয়নে ৮নং ওয়ার্ডে নাওদ্বারা দ্বীপচর বাজার বিক্রয় কেন্দ্রে একজন খাদ্যবান্ধব ডিলারের পদ শূন্য রয়েছে। এমতাবস্থায় উক্ত শূন্য পদের বিপরীতে একজন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। তৎপরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ইউনিয়নের আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ী/প্রতিষ্ঠান মালিকের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আগামী ০৮-০২-২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদনপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	চাউল বিক্রয়ের জন্য নির্দিষ্ট স্থানের নাম
০১	দোগাছী	নাওদ্বারা দ্বীপচর বাজার, পাবনা সদর, পাবনা

আবেদনকারীকে আবেদন পত্রের সহিত নিম্নলিখিত কাগজ পত্র অবশ্যই দাখিল করতে হবে।

- ১। আবেদনকারীর আবেদন নিজ স্বাক্ষরিত হতে হবে।
- ২। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৩। ট্রেড লাইসেন্স।
- ৪। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ৫। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট।
- ৬। নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে। (বি.দ্র:ডিলার হিসাবে সুপারিশের পর দোকানের কাগজপত্র জমা দিলে চলবে)
- ৭। নাগরিক সনদ পত্র থাকতে হবে।

ডিলার নিয়োগে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করা হবে।

- ১। আবেদনকারীর দোকান কমপক্ষে -১৫ (পনের) মেঃ টন খাদ্য শস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে এবং গুদাম ঘরের মেঝে পাকা হতে হবে।
- ২। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্য শস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৩। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
- ৪। পাদা বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা হবে না।
- ৫। কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৬। উপজেলা কমিটির অনুমোদনক্রমে কমিটির সদস্য-সচিব নির্বাচিত ডিলার নিয়োগ করবেন।
- ৭। নির্বাচিত ডিলারের নিকট থেকে ২০,০০০ (বিশ হাজার) টাকা পে অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত গ্রহন করা হবে এবং ডিলারের নিকট হতে নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/-টাকার (পরিবর্তনযোগ্য) নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা নেওয়া হবে।
- ৮। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ০৮-০২-২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা অফিস চলাকালীন সময় পর্যন্ত।

স্বাঃ

(মো: লতিফুর রহমান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
পাবনা সদর, পাবনা

অনুলিপি: সদর অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মাননীয় সংসদ সদস্য, পাবনা-০৫।
- ২। জেলা প্রশাসক, পাবনা।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা।
- ৪। উপজেলা চেয়ারম্যান, পাবনা সদর, পাবনা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।
- ৬। ওয়েব পোর্টাল ইউসিএফ অফিস পাবনা সদর, পাবনা।
- ৭। নোটিশবোর্ড।
- ৮। অফিস কপি।

স্বাঃ
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
পাবনা সদর, পাবনা